

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার দ্বিতীয় ধাপের চূড়ান্ত ফল প্রকাশ

অনলাইন ডেস্ক

১৫ মে ২০২৪, ০৮:২৫ পিএম



প্রাথমিক বিদ্যালয়ের একটি শ্রেণিকক্ষে শিক্ষক ও শিক্ষার্থীরা। ফাইল ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে দ্বিতীয় ধাপের লিখিত ও মৌখিক পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশ করা হয়েছে। এতে ৫ হাজার ৪৫৬ জন প্রার্থী প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছে। এ ধাপে খুলনা, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের ২২ জেলার চাকরিপ্রার্থীরা অংশ নেন।

UNIBOTS



আজ বুধবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সহকারী শিক্ষক নিয়োগে দ্বিতীয় ধাপের ২২ জেলায় অনুষ্ঠিত হওয়া লিখিত ও মৌখিক পরীক্ষার ফলের ভিত্তিতে সর্বমোট ৫ হাজার ৪৫৬ জন প্রার্থীকে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করে ফল প্রকাশ হলো।

এতে আরও বলা হয়, নির্বাচিত প্রার্থীদের ফল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের **ওয়েবসাইট**ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের **ওয়েবসাইটে** পাওয়া যাবে। নির্বাচিত প্রার্থীরা মোবাইল ফোনেও এসএমএস পাবেন।

চলতি মাসের ২ ফেব্রুয়ারি দ্বিতীয় ধাপের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে মোট ৪ লাখ ৩৯ হাজার ৪৪৩ জন পরীক্ষার্থী অংশ নেন। গত ২০ এপ্রিল লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এতে উত্তীর্ণ হন ২০ হাজার ৬৪৭ জন।